



২২২৬-৮৫৯৪-৯৬

ফোন নং - ২২২৯-৮৫৯৭-৯৮

২২২৯-২৫৮০

টেলিগ্রাম : সেকেন্ডারি

প্রেরক :

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ

৭৭/২, পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬

এস / অ্যাকা / ১৪৮
পত্র সংখ্যা

তারিখ..... ১১.০৭ ২০০৮

বিজ্ঞপ্তি

প্রতি

পর্ষদ অনুমোদিত বিদ্যালয়সমূহের প্রধান শিক্ষক / শিক্ষিকা

বিষয় : শহিদ স্কুদিরাম বোসের মৃত্যুশতবর্ষ উদ্‌যাপন।

মহাশয় / মহাশয়া,

যথানির্দেশ আপনাকে অবগত করা হচ্ছে যে, আগামী ১১ই আগস্ট শহিদ স্কুদিরাম বোসের মৃত্যুশতবর্ষ রাজ্যব্যাপী যথাযথ মর্যাদার সঙ্গে উদ্‌যাপনের জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ইতিমধ্যেই পরিকল্পনা নেওয়া হয়েছে। রাজ্য সরকারের এই পরিকল্পনার সঙ্গে সঙ্গতি রক্ষা করে পর্ষদের পক্ষ থেকে রাজ্যের অনুমোদিত প্রতিটি বিদ্যালয়ে যথাযোগ্যভাবে এই দিবস পালন করবার জন্য অনুরোধ করা হচ্ছে।

কীভাবে উক্ত দিনটি আপনার বিদ্যালয়ে পালিত হল সে বিষয়ে একটি সংক্ষিপ্ত প্রতিবেদন ছবিসহ পর্ষদের মুখপত্র 'পর্ষদ বার্তা'য় প্রেরণ করবার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে। মনোনীত হলে প্রতিবেদনটি প্রকাশ করা হবে। এতদ্ব্যতীত এই সকল বিদ্যালয়ের একটি তালিকা প্রকাশ করে তাদের উদ্যোগকে স্বীকৃতি দেওয়া হবে।

ভবদীয়

(স্বপন কুমার সরকার)

সচিব

No. S/ Acd/148/1-6 Dated : 11.07.2008

প্রতিলিপি :-

- ১। ব্যক্তিগত সচিব, মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রী, (প্রাথমিক ও মাধ্যমিক), পশ্চিমবঙ্গ সরকার
- ২। জেলা বিদ্যালয় পরিদর্শকসমূহ
- ৩। অধিকর্তা, শিক্ষা বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার
- ৪। অধিকর্তা, ক্রীড়া ও যুবকল্যাণ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার
- ৫। পর্ষদের উপসচিব / বিশেষ আধিকারিকবৃন্দ
- ৬। পর্ষদের আঞ্চলিক অধিকর্তা / সহসচিববৃন্দ

সচিব